

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
কলমাকান্দা, নেত্রকোনা।

স্মারক নং: ৩৩.০২.৭২৪০.৫০১.০২.০০৫.১৯-৮৯

তারিখ: ২৯/০৯/২০২১ খ্রি.

বিষয়: ২য় কারণ দর্শানোর নোটিশ

সূত্র: উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, কলমাকান্দা, নেত্রকোনা এর স্মারক নম্বর ৩৩.০২.৭২৪০.৫০১.০২.০০৫.১৯-৮০;

তারিখ: ২৩/০৯/২০২১খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে আপনি সজীব চন্দ্র ঘোষ, অফিস সহায়ক, উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, কলমাকান্দা, নেত্রকোনা ছুটি ব্যতীত উপর্যুক্ত কক্ষের বিনা অনুমতিতে গত ০৫/০৯/২০২১ খ্রি. হইতে ১৮/০৯/২০২১ খ্রি. পর্যন্ত অফিসে অনুপস্থিত ছিলেন। ১৯/০৯/২০২১ খ্রি. এ অফিসে এসে কিছুক্ষণ অবস্থান করে বিনা অনুমতিতে অফিস কক্ষ ত্যাগ করেন এবং ২২/০৯/২০২১ খ্রি. পর্যন্ত দীর্ঘদিন অফিসে অনুপস্থিত ছিলেন। যার প্রেক্ষিতে আপনাকে কারণ দর্শানোর নোটিশ দেওয়া হয়। উক্ত কারণ দর্শানোর নোটিশের জবাব ০৩(তিন) কর্মদিবসের মধ্যে দেওয়ার জন্য বলা হয়েছিলো। ইতোমধ্যে ০৩(তিন) কর্মদিবস অতিক্রান্ত হয়েছে কিন্তু আপনার কাছ থেকে কারণ দর্শানোর জবাব পাওয়া যায় নি।

আপনার এহেন কার্যক্রম সরকারি কর্মচারী (নিয়মিত উপস্থিতি) বিধিমালা, ২০১৯ এর বিধি ৩(১) এবং সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালা ১৯৭৯ এর অনুচ্ছেদ ৩২ এর সুস্পষ্ট লংঘন।

এমতাবস্থায়, উপর্যুক্ত বিধিকে লংঘনের দায়ে কেন আপনার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হবেনা তা ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর বরাবর লিখিত জবাব প্রদানের জন্য নির্দেশক্রমে বলা হলো।

২৯/০৯/২০২১
তাহমিনা খাতুন

উপজেলা মৎস্য কর্মকর্তা
কলমাকান্দা, নেত্রকোনা

সজীব চন্দ্র ঘোষ
অফিস সহায়ক
উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
কলমাকান্দা, নেত্রকোনা

স্মারক নং: ৩৩.০২.৭২৪০.৫০১.০২.০০৫.১৯-৮৯/২(৫)

তারিখ: ২৯/০৯/২০২১ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
২. উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৩. জেলা মৎস্য কর্মকর্তা, নেত্রকোনা।
৪. উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, কলমাকান্দা, নেত্রকোনা।
- ✓ অফিস কপি।

২৯/০৯/২০২১
উপজেলা মৎস্য কর্মকর্তা

কলমাকান্দা, নেত্রকোনা।